



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 1st
Answer Worksheet - 14
Class - 2

Subject : Bengali Text
Topic : নেকড়ে - মাকড়সা

Date : 18.09.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

১) নেকড়ে - মাকড়সার চেহারার বর্ণনা দাও।

উঃ নেকড়ে - মাকড়সার শরীর মাথা ও ধর এই দুটি অংশে বিভক্ত। এদের আটটি পা আছে। এরা আধ ইঞ্চি লম্বা হয়। আর পিঠের দু-পাশে কালো ডোরাকাটা দাগ থাকে।

২) নেকড়ে - মাকড়সার বাচ্চারা চুরি করে কেন?

উঃ নেকড়ে - মাকড়সার বাচ্চারা বাসা থেকে বেরিয়ে গেলে এদের পরস্পরের মধ্যে আর কোনো সম্বন্ধ থাকে না। তখন অধিকাংশ বাচ্চারই প্রয়োজনমতো শিকার ধরবার সুযোগ হয় না। কাজেই অনেকে অল্পাহারে বা অনাহারে মৃত্যুমুখে পতিত হয়। ওই অবস্থায় বাধ্য হয়েই নেকড়ে - মাকড়সার বাচ্চারা চুরি করে।

৩) ক্ষুদে পিঁপড়ের কোথায় দেখতে পাওয়া যায়, কীভাবে এরা যাতায়াত করে ও যাতায়াতের সময় এদের মুখে কী থাকে এবং কারা এদের খাবার চুরি করে?

উঃ আমাদের দেশে সর্বত্রই হলদে রঙের একপ্রকার ক্ষুদে পিঁপড়ে দেখতে পাওয়া যায়। এরা দলে দলে সার বেঁধে এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করে। যাতায়াতের সময় এদের মুখে খাদ্যকণা অথবা ক্ষুদ্র ক্ষুদ্র ডিম থাকে। নেকড়ে - মাকড়সার বাচ্চারা এদের খাবার চুরি করে।

_____ x _____

Rita Das